



রাজস্বের প্রবৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

টেকসই সমৃদ্ধি

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)
বাড়ী নং-২১, রোড নং-২৭, সেক্টর নং-০৭, উত্তরা, ঢাকা-১২৩০।
ওয়েবসাইট: www.dknvat.gov.bd

নথি নং-ঢাকা উত্তর/মূসক বাস্তব (১৬৫)/ওয়ালটন ডিজি-টেক ইন্ডাস্ট্রি/অব্যাহতি/২০২১

তারিখ: / / ২০২১ খ্রিঃ।

আদেশ

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (মূল্য সংযোজন কর) এর প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৯১-আইন/২০১৯/৪৮-মূসক, তারিখ: ১৩/০৬/২০১৯ খ্রিঃ অনুযায়ী ওয়ালটন ডিজি-টেক ইন্ডাস্ট্রিজ লিমিটেড, হোল্ডিং নং-০০০১৩, ব্লক-বি, বিল্ডিং নং-০৩ (তয় ও ৪র্থ তলা), ওয়ার্ড নং-০২, বড়ইছুটি, কালিয়াকৈর, গাজীপুর (মূসক নিবন্ধন নম্বর-০০০৩২২১১৮-০১০৩) নামক প্রতিষ্ঠানটি বাংলাদেশ হাই-টেক পার্কে বিনিয়োগকারী প্রতিষ্ঠান হিসেবে, প্রতিষ্ঠান কর্তৃপক্ষ তাঁদের উৎপাদন কাজে ব্যবহৃত যোগানদার (পেট্রোলিয়াম জাতীয় দ্রব্যাদি ব্যতীত) ও বিদ্যুৎ বিলের উপর মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতি চেয়ে ২৮/১২/২০২০ খ্রিঃ তারিখ এ দপ্তরে আবেদন করেন। উক্ত প্রজ্ঞাপন অনুযায়ী আবেদন পত্রে বর্ণিত বিষয়টি বিবেচনাযোগ্য কি-না তা সবিস্তারে তদন্ত/পরীক্ষা করে মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য এ দপ্তরের জনাব মুহাম্মদ মাহফুজ আলম, সহকারী কমিশনার; জনাব মোঃ সেলিম উলগ্যাহ, রাজস্ব কর্মকর্তা এবং মোহাম্মদ সাখাওয়াত হোসেন, সহকারী রাজস্ব কর্মকর্তা এর সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হয়।

২। তদন্ত কমিটি গত ১২/০৯/২০২১ খ্রিঃ তারিখ আলোচ্য প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শন করেন এবং ২৮/০৯/২০২১ খ্রিঃ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বিগত জুলাই/২০২০ খ্রিঃ হতে জুন/২০২১ খ্রিঃ অর্থবছর পর্যন্ত উৎসে মূসক বাবদ ১,৫০,২৭,৮২৫.২৫/- (এক কোটি পঞ্চাশ লক্ষ সাতাশ হাজার আটশত পঁচিশ দশমিক পঁচিশ) টাকা সরকারী কোষাগারে জমা প্রদান করেছে এবং প্রতিষ্ঠানটি নিয়মিত দাখিলপত্র দাখিল করেন। পরিশেষে তদন্ত দল উল্লিখিত টেবিল এ বর্ণিত যোগানদার (পেট্রোলিয়াম জাতীয় দ্রব্যাদি ব্যতীত) ও বিদ্যুৎ বিলের উপর, জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৯১-আইন/২০১৯/৪৮-মূসক, তারিখ: ১৩/০৬/২০১৯ খ্রিঃ অনুযায়ী অব্যাহতি দেয়া যেতে পারে মর্মে অভিমত প্রদান করেছেন।

৩। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে প্রদত্ত মতামতের ভিত্তিতে এবং সংশ্লিষ্ট প্রজ্ঞাপন ও আদেশ অনুযায়ী ওয়ালটন ডিজি-টেক ইন্ডাস্ট্রিজ লিমিটেড, হোল্ডিং নং-০০০১৩, ব্লক-বি, বিল্ডিং নং-০৩ (তয় ও ৪র্থ তলা), ওয়ার্ড নং-০২, বড়ইছুটি, কালিয়াকৈর, গাজীপুর (মূসক নিবন্ধন নম্বর-০০০৩২২১১৮-০১০৩) নামক প্রতিষ্ঠানের অনুকূলে নিম্নোক্ত টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) হতে অব্যাহতি প্রদান করা হলো:-

টেবিল-১

শিরোনামা সংখ্যা	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড	পণ্য/সেবার বিবরণ	মিটার নম্বর	গ্রাহক সংকেত নম্বর
(১)	(২)	(৩)	(৪)	(৫)
S057	S057.00	বিদ্যুৎ বিতরণকারী	১৭৪০১০৮৪	২৬০০
S037	S037.00	যোগানদার (পেট্রোলিয়াম জাতীয় দ্রব্যাদি ব্যতীত)		

৪। শর্তসমূহ

ক. মূসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মূসক দাখিলপত্রের (ফরম মূসক-৯.১) সাথে এইরূপে অব্যাহতি প্রদত্ত মূসক সংশ্লিষ্ট তথ্য যথাযথ পদ্ধতিতে কর মেয়াদ পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করবে।

খ. স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় প্রতি মাসে এইরূপ সুবিধাভোগী প্রতিষ্ঠানের তথ্য যথাযথ পদ্ধতিতে মূল্য সংযোজন কর, বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন।

(চলমান পাতা-২)

